**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল নিউ ইয়র্কের চালকবিহীন আকাশযান ব্যবস্থা শিল্পখাত উন্নত করার ক্ষেত্রে মুখ্য অগ্রগতি ঘোষণা করলেন**

***FAA নিউ ইয়র্কের সম্পূর্ণ 50-মাইল ড্রোন করিডোরকে UAS কর্মকাণ্ডের জন্য অনুমোদন দিয়েছে যা নিউ ইয়র্কের UAS ইকোসিস্টেমকে উন্নত করতে স্টেটের প্রায় 113 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অনুবর্তী।***

***এছাড়া ড্রোন করিডোরের পরিচালক NUAIR কুইবেকভিত্তিক ভিপোর্টের সাথে আন্তর্জাতিক অগ্রসর আকাশ চলাচল করিডোর বিকাশের জন্য চুক্তি নিশ্চিত করেছে***

***নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতির বিকাশে অঞ্চলটির সার্বিক কৌশল।***

***ড্রোন করিডোরে ফ্লাইটসমূহের ফুটেজ উপলভ্য এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের চালকবিহীন আকাশযান ব্যবস্থার (Unmanned Aircraft Systems, UAS) পরীক্ষার সাইটটি ফেডারেল এভিয়েশন প্রশাসনের (Federal Aviation Administration, FAA) থেকে চালকবিহীন আকাশযান ব্যবস্থা, যা সাধারণভাবে ড্রোন নামে পরিচিত, সেগুলিকে দৃষ্টির দৃশ্যমান রেখার বাইরে নিউ ইয়র্কের ড্রোন করিডোরের সম্পূর্ণ 50 মাইল আকাশপথে চালানোর অনুমোদন প্রদান করেছে। এই ফ্লাইটের কর্তৃত্ব চালকবিহীন আকাশযান ব্যবস্থা করিডোরের পরিচালক, নর্থইস্ট UAS এয়ারস্পেস ইন্টিগ্রেশন গবেষণা জোট, ইনকর্পোরেশনকে (Northeast UAS Airspace Integration Research Alliance, Inc., NUAIR) সিরাকিউজ আন্তর্জাতিক বিমানবন্দর (Syracuse International Airport, SYR) থেকে রোমের গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দর (Griffiss International Airport) পর্যন্ত দৃশ্যমান পর্যবেক্ষকের প্রয়োজন ছাড়াই বেসামরিক ড্রোন উড়াতে দিবে। FAA আখ্যাটি বাণিজ্যিক ড্রোনের সম্পূর্ণ সম্ভাবনা ও অর্থনৈতিক সুবিধা উন্মোচন করতে এবং উন্নত আকাশপথে চলাচলের কর্মকাণ্ড যেমন চালকবিহীন আকাশযানে কার্গো ও যাত্রী পরিবহন করতে সাহায্য করবে।

"নিউ ইয়র্ক স্টেটের অত্যাধুনিক ড্রোন করিডোর অত্যাধুনিক ড্রোন প্রযুক্তির এই বিবর্তনশীল বাজারে বৈশ্বিক নেতা হিসেবে স্টেটের অবস্থানকে আরো পাকাপোক্ত করবে," **গভর্নর হোকল**

**বলেন।** "ড্রোন করিডোর কর্মকাণ্ডে আমাদের অব্যাহত বিনিয়োগ ও মনোযোগের মাধ্যমে, আমরা আগামী প্রজন্মসমূহের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহক ভ্যালি এবং স্টেটব্যাপী আঞ্চলিক অর্থনীতি জোরদার ও বিকাশমান করছি।"

গভর্নর হোকল এছাড়াও ঘোষণা করেন যে স্টেট NUAIR-কে CNY রাইজিং আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগের (CNY Rising Upstate Revitalization Initiative) তহবিলের মাধ্যমে 21 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালির করিডোর সংলগ্ন বিশ্বমানের UAS শিল্পকেন্দ্রের আবাদ করবে। প্রকল্পটি অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর পরীক্ষা এবং প্রয়োগ করতে দিবে যাতে করে উন্নত শিল্প প্রয়োগ, স্টেট এজেন্সির UAS গ্রহণ, এবং সংশ্লিষ্ট কর্মীবাহিনীর বিকাশ সক্রিয় করবে।

ওনিডা কাউন্টির মালিকানাধীন নিউ ইয়র্ক স্টেটের চালকবিহীন আকাশযান ব্যবস্থা পরীক্ষার সাইট হলো পুরো দেশে মাত্র সাতটি ফেডারেল এভিয়েশন প্রশাসন আখ্যায়িত চালকবিহীন আকাশযান ব্যবস্থা পরীক্ষার সাইটের একটি।

NUAIR ইতিমধ্যেই একাধিক স্টেট এজেন্সিকে তাদের কর্মকাণ্ডের সাথে ড্রোন সমন্বয় করতে সহায়তা করছে যেমন NYS থ্রুওয়ে কর্তৃপক্ষের (NYS Thruway Authority) সাথে ব্রিজ ও অবকাঠামো পরিদর্শনের জন্য, NYS এনভায়রনমেন্টাল কনজারভেশন বিভাগের (Department of Environmental Conservation, DEC) সাথে পরিবেশগত সংরক্ষণের জন্য। বিস্তৃত FAA আখ্যা এবং অতিরিক্ত তহবিল নিউ ইয়র্ক স্টেটে UAS শিল্প উদ্ভাবন চালনা করবে, যার ফলে আরো খরচসাশ্রয়ী এবং ইকোলোজিক্যালি সচেতন ড্রোন কর্মকাণ্ডের বিকাশ হবে যা পুরো নিউ ইয়র্ক স্টেটে অত্যাবশ্যকীয় সরবরাহ চেইনের সম্পূরক হয়ে উঠবে।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে NUAIR কুইবেকভিত্তিক ভিপোর্টের (VPorts) সাথে একটি চুক্তিতে প্রবেশ করেছে, ভিপোর্ট উন্নত আকাশপথে চলাচল (Advanced Air Mobility, AAM) অবকাঠামোর নকশা, নির্মাণ ও পরিচালনার ক্ষেত্রে বিশ্বের শীর্ষে আছে, চুক্তিটি হলো সিরাকিউজ আন্তর্জাতিক বিমানবন্দর ও কানাডার কুইবেকের মধ্যে দেশের প্রথম আন্তর্জাতিক উন্নত আকাশপথে চলাচল করিডোর নির্মাণ করার জন্য। এই করিডোরের উদ্দেশ্য হলো এমন একটি ইকোসিস্টেম গঠন যা বৈদ্যুতিক ভার্টিক্যাল টেক-অফ এবং ল্যান্ডিংয়ের আকাশযান বা বড় হেলিকপ্টার আকারের ড্রোন দ্বারা সম্পূর্ণ বাণিজ্যিক কার্গো পরিবহন পরিচালনার একটি প্ল্যাটফর্ম প্রদান। করবে।

**NUAIR-র প্রধান নির্বাহী কর্মকর্তা কেন স্টুয়ার্ট বলেন,** "আজকে NUAIR এবং নিউ ইয়র্ক স্টেট একটি উল্লেখযোগ্য ধাপ অগ্রসর হলো, জাতীয় আকাশপথে নিরাপদে ড্রোন সমন্বিত করার ক্ষেত্রে এবং উন্নত আকাশপথে চলাচল কর্মকাণ্ড সক্রিয় করার ব্যাপারে নিজেদের নেতৃত্ব আরেকবার প্রতিষ্ঠিত করলো। NY-র রোম এবং সিরাকিউজের মধ্যকার 50-মাইল করিডোরটি অনন্যভাবে সেই সকল উপাদান ও অবকাঠামো ধারণ করে যা UAS প্রয়োগের বাণিজ্যিকীকরণের জন্য মুখ্য, যেমন পরিবহন পরিদর্শন এবং ইউটিলিটি অবকাঠামো, মেডিকেল লজিস্টিক, পরিবেশগত সংরক্ষণ এবং জননিরাপত্তা কর্মকাণ্ড।"

**সিরাকিউজ আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের (Syracuse Regional Airport Authority) নির্বাহী পরিচালক জ্যাসন টেরেরি বলেন,** "বিমানবন্দরের UAS/eVTOL কর্মকাণ্ড, অবকাঠামো সমর্থন এবং বিকাশের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ বাণিজ্যিক সেবা বিমানবন্দর হওয়া আমাদের ভিশন। এই ঘোষণার সময়টি আমাদেরকে স্থানীয় UAS-কেন্দ্রিক উদ্যোগসমূহের প্রতি এবং NUAIR, জিনিয়াস NY-র (GENIUS NY) মতো সংগঠনকে, এবং একইসাথে সেন্ট্রাল নিউ ইয়র্কে স্থাপিত আরো অনেক বহুজাতিক কোম্পানির প্রতি আমাদের সমর্থন উন্নত করতে দেয়। এছাড়া SYR এমন সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করে যাদেরকে পূর্বে গতানুগতিক পরিবহন অবকাঠামোর অভাবের কারণে অর্থনৈতিক সুযোগ থেকে বাদ দেওয়া হয়েছিলো। AAM করিডোর গঠনের একজন অংশীদার হওয়ার মাধ্যমে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ একটি নতুন পরিবহন বিকল্প পাবে যা এইসব সম্প্রদায়কে পুনরায় সংযুক্ত করে দিবে এবং এর সদস্যদের অতিরিক্ত অর্থনৈতিক সুযোগ প্রদান করবে।"

**ভিপোর্টের প্রেসিডেন্ট ও সহপ্রতিষ্ঠাতা ডাঃ ফেথি চেবিল বলেন,** "সাম্প্রতিক NASA AAM টাস্ক অর্ডারের অংশ হিসেবে NUAIR এবং তাদের অংশীদারদের সাথে করা বিস্তারিত কাজ আমাদেরকে সেই আত্মবিশ্বাস দিয়েছে যা NUAIR-কে কুইবেক-সিরাকিউজ আন্তর্জাতিক করিডোর স্থাপন করার অংশ হিসেবে বাছাই করতে আমাদের প্রয়োজন ছিলো, এটি উন্নত আকাশপথে চলাচলের বিকাশ, সমন্বয়, এবং সামাজিক গ্রহণযোগ্যতায় অবদান রাখবে। উদ্যোগটি 2045 সালের মধ্যে 1,500টি ভের্টিপোর্ট গঠন ও পরিচালনা করার আমাদের লক্ষ্য ও ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ।"

নিউ ইয়র্ক সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালি অঞ্চলগুলিতে নিজেকে ড্রোন এবং সংশ্লিষ্ট UAS শিল্প ব্যবসার জন্য দেশের শীর্ষ গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করেছে। 2016 সাল থেকে, স্টেট শিল্পখাতটিকে সুপারচার্জ করার জন্য বলিষ্ঠ বিনিয়োগ করেছে, যার মধ্যে আছে:

- 50-মাইল UAS ফ্লাইট ট্র্যাফিক ব্যবস্থাপনা ব্যবস্থা গঠনের জন্য প্রারম্ভিক 35 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ;
- ওনিডা কাউন্টির ইনডোর ড্রোন পরীক্ষার ফ্যাসিলিটি, স্কাইডোমের জন্য 9 মিলিয়ন মার্কিন ডলার,
- জিনিয়াস NY প্রতিযোগিতার পাঁচ রাউন্ডে 25 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, এটি সেন্টারস্টেটের (CenterState ) প্রধান নির্বাহী কর্মকর্তার সিরাকিউজের টেক গার্ডেন (Tech Garden) পরিচালিত একটি কর্মসূচি যা শিল্পের উদ্যোক্তাদের ইনকিউবেটর স্থান, কোম্পানি সংস্থান, প্রোগ্রামিং এবং মেন্টরিং প্রদান করে এই শর্তে যে বিজয়ীকে তাদের কর্মকাণ্ড কমপক্ষে এক বছরের জন্য এই অঞ্চলে স্থাপন করতে হবে; এবং
- ডাউনটাউন সিরাকিউজের UAS শিল্প প্রয়াস বিকাশে সাহায্য করতে টেক গার্ডেনের সম্প্রসারণের জন্য চলমান 16.6 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ।

সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালিতে নিউ ইয়র্কের চলমান অভীষ্ট শিল্পে বিনিয়োগ এছাড়াও বেসরকারি বিনিয়োগকেও আকৃষ্ট করেছে। 2018 সালে, দুইটি আন্তর্জাতিক ফার্মসহ ছয়টি কোম্পানি UAS সেন্ট্রাল চাকরি তহবিলের (UAS Central Job Fund) মাধ্যমে বিভিন্ন স্টেট

সমর্থন হিসেবে 6.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য করার পরবর্তীতে উভয় অঞ্চলে সুযোগ তৈরির জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "আগামীদিনের কর্মসংস্থান সৃষ্টি করছে এমন উদ্ভাবনী প্রযুক্তি ও উদীয়মান শিল্পকে সমর্থন করা ESD-র মিশনের কেন্দ্র। স্টেটের আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদসমূহের (Regional Economic Development Councils, REDCs) সাথে একত্রে কাজ করে, আমরা সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালিতে UAS শিল্প উন্নত করার ব্যাপারে নিবিড়ভাবে মনযোগী। FAA আখ্যা আরেকটি মাইলফলকের প্রতিনিধিত্ব করে যা নিউ ইয়র্কে UAS খাতের অব্যাহত বিকাশ নিশ্চিত করে।"

**সিনেটর চাক শুমার বলেন,** "গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে যেই UAS পরীক্ষা সাইটের জন্য আমি জোর লড়াই করেছি, তা মোহক ভ্যালিকে UAS উদ্ভাবনের অতি গুরুত্বপূর্ণ কেন্দ্রে পরিণত করেছে, অত্যাধুনিক প্রযুক্তির ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ নতুন উদ্ভাবন অগ্রসর করছে এবং শত শত ভালো বেতনের চাকরিকে সমর্থন করছে। এখন, নতুন FAA অনুমোদন নিয়ে, নিউ ইয়র্কের অত্যাধুনিক ড্রোন ক্যাম্পাস আগের থেকেও বেশি উচ্চতায় উড়বে। মোহক ভ্যালিতে হওয়া সম্ভাব্য উদ্ভাবন ও অর্থনৈতিক সম্ভাবনা অপরিসীম এবং আমি সর্বদা ওনিডা কাউন্টিকে নতুন উচ্চতায় পৌঁছাতে সাহায্য করতে লড়াই করবো।"

**স্টেটের সিনেটর র‍্যাচেল মে বলেন,** "সেন্ট্রাল নিউ ইয়র্কের ড্রোন করিডোরে নতুন সুযোগের সম্প্রসারণ দেখা সবসময় দারুণ। দৃষ্টির দৃশ্যমান রেখার বাইরেও (beyond visual line of sight, BVLOS) চালকবিহীন আকাশযান ব্যবস্থা চালনা করার জন্য FAA-র অনুমোদন আমাদের এলাকাকে ব্যবসা আকৃষ্ট করতে ও ধরে রাখতে দেয় এবং গত বেশ কিছু বছর ধরে আমরা যে অর্থনৈতিক বিকাশ দেখছি তা অব্যাহত রাখতে দেয়। ধন্যবাদ গভর্নর হোকলকে, তার অব্যাহত সমর্থন এবং NUAIR-এ একাধিক UAS প্রকল্পের জন্য 21 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিলের জন্য, যা আমাদের অঞ্চলকে এই শিল্পখাতের নেতা হিসেবে আর পাকাপোক্ত করবে।"

**স্টেটের সিনেটর জন ডব্লিউ ম্যানিয়ন বলেন,** "সেন্ট্রাল নিউ ইয়র্কের UAS শিল্পখাত বিকশিত হয়ে চলেছে এবং সিরাকিউজে ভালো বেতনের চাকরি নিয়ে আসছে। নতুন FAA আখ্যা ড্রোন কোম্পানিগুলির জন্য নিউ ইয়র্ক স্টেটে উন্নত প্রযুক্তির গবেষণা, বিকাশ, ও উৎপাদনের আর সুযোগ উন্মোচন করবে। আমি এই বিনিয়োগ করার জন্য এবং কোম্পানি, কর্মী এবং যেই সম্প্রদায়সমূহে এই উদ্ভাবনসমূহ হচ্ছে তাদের সমর্থনকারী সরকারি পলিসি ফ্রেমওয়ার্ক গঠনের জন্য গভর্নর হোকলের আইনসভার সাথে কাজ করার অবিচল অঙ্গীকারের জন্য তার প্রশংসা করছি।"

**স্টেটের সিনেটর জোসেফ গ্রিফো বলেন,** "আমি আনন্দিত যে ফেডারেল এভিয়েশন প্রশাসন সিরাকিউজ আন্তর্জাতিক বিমানবন্দর ও রোমের গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরের মধ্যকার ড্রোন করিডোরের জন্য দৃষ্টির দৃশ্যমান রেখার বাইরের আখ্যার অনুমোদন প্রদান করেছে। এই আখ্যা এবং সেই সাথে CNY রাইজিং আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগ থেকে পাওয়া তহবিল মোহক ভ্যালি ও সেন্ট্রাল নিউ ইয়র্কে UAS ও ড্রোন সম্পর্কিত প্রযুক্তির আবাদ করবে।"

**অ্যাসেম্বলিসদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন,** "নিউ ইয়র্ক স্টেট ড্রোন করিডোরটি সেন্ট্রাল নিউ ইয়র্ককে চালকবিহীন আকাশজান ব্যবস্থা শিল্পখাতের একজন বৈশ্বিক নেতা হিসেবে প্রতিষ্ঠিত করবে। এই অঞ্চলে দৃষ্টির দৃশ্যমান রেখার বাইরের অনুমতি প্রদান করার ফলে সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালির ব্যবসার উন্নয়নের সুযোগ বৃদ্ধি পাবে যেহেতু তারা এই শিল্পখাতের উদ্ভাবনের সম্মুখসারিতে নিজেদের অবস্থান ধরে রাখার জন্য প্রতিযোগিতা করতে থাকবে।"

**অ্যাসেম্বলিসদস্য পামেলা হান্টার বলেন,** "মাইক্রন ঘোষণার ঠিক পরপর, একটি বেসামরিক পরীক্ষার জন্য 50-মাইল ড্রোন করিডোরের জন্য FAA-র অনুমোদন দ্রুত বর্ধনশীল শিল্পখাতে সেন্ট্রাল নিউ ইয়র্কের অবস্থান আরো জোরদার করে। ড্রোনের বেসামরিক ব্যবহারের ক্ষেত্রে উদ্ভাবন মাত্র শুরু হচ্ছে এবং আমি FAA-র এই আখ্যাকে স্বাগত জানাচ্ছি। এই ড্রোন করিডোরটি শিল্পখাতের প্রযুক্তির অগ্রসরকে ত্বরান্বিত করবে এবং আমাদের অঞ্চলের জন্য আরো বেশি সুযোগ প্রদান করবে।"

**অ্যাসেম্বলিসদস্য অ্যাল স্টার্প বলেন,** "সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য আরো ভালো সংবাদ! FAA প্রদত্ত সাইটের দৃশ্যমান রেখা অতিক্রম কর আখ্যা আমাদের 50 মাইল ড্রোন করিডোরকে অনন্য করে। আমাদের অঞ্চল যেকোনো গুরুত্বপূর্ণ UAS কোম্পানির জন্য প্রথম পছন্দের স্থান হয়ে উঠবে। CNY রাইজিং আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগ থেকে পাওয়া অতিরিক্ত 21 মিলিয়ন মার্কিন ডলার আমাদের UAS কেন্দ্রকে উন্নত করবে, আরো বেশি কোম্পানিকে আকৃষ্ট করবে যাদের নিজেদের সরঞ্জাম ও প্রয়োগ পদ্ধতি পরীক্ষা করতে হবে, একইসাথে আমাদের অঞ্চলে শিল্পের গঠনে কর্মীবাহিনীর প্রশিক্ষণকে উন্নত করবে।"

**অ্যাসেম্বলিসদস্য ম্যারিয়ান বাটেনস্কোন বলনে,** "গ্রিফিস বিজনেস পার্ক বিকশিত হয়ে চলেছে এবং এটি সেই বিকাশের আরেকটি দারুণ উদাহরণ।আমি গভর্নরকে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট দলের সদস্যদেরকে, এবং ওনিডা কাউন্টির নেতৃবৃন্দকে ধন্যবাদ জানাতে চাই আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখার পাশাপাশি অর্থনৈতিক বিকাশের প্রসার করতে প্রযুক্তি অগ্রসর করার ক্ষেত্রে তাদের অব্যাহত সমর্থনের জন্য।"

**ওনিডা কাউন্টি নির্বাহী অ্যান্থনি জে. পিকেন্ট জুনিয়র বলেন,** "ওনিডা কাউন্টি ড্রোন বিকাশ ও সমন্বিত করার ক্ষেত্রে বৈশ্বিক কেন্দ্রবিন্দু হয়েই থাকছে। গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে আমরা আমাদের মূল্যবান অংশীদার NUAIR-র সাথে মিলে যেই বিনিয়োগ করেছি, যার মধ্যে রয়েছে আমাদের UAS পরীক্ষার সাইট, স্কাইডোম এবং ইনোভেয়ার অ্যাডভান্সমেন্ট কেন্দ্র (Innovare Advancement Center), তা এই অবস্থানকে অন্য সকলের থেকে বেশি পাকাপোক্ত করেছে। রোম এবং সিরাকিউজের মধ্যবর্তী ড্রোন করিডোরের জন্য FAA অনুমোদন এবং NUAIR-র সক্ষমতার বিকাশ আমাদেরকে এবং সম্পূর্ণ শিল্পখাতটিকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া অব্যাহত রাখবে।"

**ওনোন্ডাগা কাউন্টি নির্বাহী রায়ান ম্যাকমাহন বলেন,** "এটি সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য আরেকটি UAS শিল্পখাতে যেই গতিবেগ ও বিনিয়োগ করেছি তার উপর ভিত্তি করে আরো

অগ্রগতি করছি। FAA-র সাম্প্রতিক অনুমোদন দ্বারা, এই অতি গুরুত্বপূর্ণ শিল্পখাতের সম্ভাবনা অসীম।" ম্যাকমাহন আরো বলেন, "NUAIR এবং সকল অংশীদারদের অভিনন্দন যারা আজকের দিনকে সম্ভব করেছে।"

**রোমের মেয়র জ্যাকলিন এম. ইজো বলেন,** "আজকের সাইটের দৃশ্যমান রেখা অতিক্রম করে 50 মাইল এর আখ্যার ঘোষণা UAS ড্রোন পরীক্ষার করিডোরকে আরো জোরদার করে। সিরাকিউজ থেকে রোম পর্যন্ত স্বাধীনভাবে ভিজুয়াল পরিদর্শকের প্রয়োজন ছাড়াই ড্রোন উড়ানো গেলে তা নিয়ন্ত্রিত আকাশপথে বাণিজ্যিক বিমানের পাশাপাশি UAS প্রযুক্তি ব্যবহার করার জন্য ডেটা ও বাস্তব পরীক্ষার ফলাফল তৈরি করবে। রোমের UAS পরীক্ষার সাইটটি কার্গো, মেডিকেল সরবরাহ এবং আরো অনেক কিছুর ড্রোন ডেলিভারিকে বাণিজ্যিক আকাশপথে নিয়ে যেতে গুরুত্বপূর্ণ প্রযুক্তি পরীক্ষার ক্ষেত্রে মুখ্য অগ্রগতি করে যাচ্ছে। প্রতিদিন গ্রিফিস ফ্যাসিলিটিতে হয়ে থাকা আধুনিক UAS পরীক্ষা সত্যিই বিশ্বব্যাপী ড্রোন প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে একটি পার্থক্য তৈরি করে দিচ্ছে।"

**সেন্টারস্টেটের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রেসিডেন্ট রব সিম্পসন বলেন,** "গত এক দশক ধরে আমাদের আঞ্চলিক অংশীদারগণ এই অঞ্চলকে চালকবিহীন ব্যবস্থার ক্ষেত্রে বৈশ্বিক নেতার অবস্থানে বসাতে কাজ করেছে এবং আজকে সেই নেতৃত্ব নিশ্চিত করা হয়েছে।সিরাকিউজ থেকে রোম পর্যন্ত অঞ্চলের BVLOS-50 মাইল করিডোরের আনুষ্ঠানিক আখ্যা এইসব সামগ্রিক প্রচেষ্টা ও এক ভিশনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।" এই খাতে নিউ ইয়র্ক স্টেটের অতুলনীয় বিনিয়োগ এবং NUAIR-র নেতৃত্ব আমাদের সম্প্রদায়কে এই বৈশ্বিকভাবে প্রাসঙ্গিক শিল্পখাতের সম্মুখসারিতে স্থাপন করেছে, যা পুরো সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালির সম্প্রদায়সমূহের জন্য অর্থনৈতিক সুযোগ চালনা করছে।"

**NUAIR সম্পর্কে**

নর্থইস্ট UAS (uncrewed aircraft systems, UAS) এয়ারস্পেস ইন্টিগ্রেশন গবেষণা জোট, ইনকর্পোরেশন একটি নিউ ইয়র্কভিত্তিক অলাভজনক সংগঠন যার মিশন হলো নিরাপদে চালকবিহীন আকাশযান ব্যবস্থাকে জাতীয় আকাশপথে সমন্বিত করা, স্কেলযোগ্য, অর্থনৈতিকভাবে লাভজনক বাণিজ্যিক ড্রোন কর্মকাণ্ডকে সম্ভব করা। NUAIR নিউ ইয়র্কের রোমে, গ্রিফিস আন্তর্জাতিক বিমানবন্দরে, ওনিডা কাউন্টির পক্ষে, FAA-আখ্যায়িত নিউ ইয়র্ক UAS পরীক্ষা সাইটের কর্মকাণ্ড পরিচালনা করে এবং তারা রোম ও সিরাকিউজ, NY-র মধ্যকার নিউ ইয়র্কের 50-মাইল UAS করিডোরের অগ্রগতির দায়িত্বে রয়েছে।https://nuair.org

**ভিপোর্টের সম্পর্কে**

ভিপোর্ট টেকসই অবকাঠামোর উপর ভিত্তি করে নিরাপদ ও আধুনিক আকাশে চলাচলের ভবিষ্যৎ বিকাশের আকৃতি দান করছে। এর উদ্দেশ্য হলো 2045 সালের মধ্যে পাঁচটি মহাদেশে 1,500টি ভের্টিপোর্ট গঠন ও চালনা করা। এর অবকাঠামো স্থানীয় ও বৈশ্বিক আকাশে চলাচলের ইকোসিস্টেমে সমন্বিত করা হবে একটি দায়িত্বশীল পন্থা অবলম্বন করে, এর কর্মকাণ্ডকে কেন্দ্রীয় করে এবং সর্বাধিক আধুনিক প্রযুক্তি ব্যবহার করে। ভিপোর্টের সদর দপ্তর অবস্থিত কুইবেকের মিরাবেলে।https://vports.com/

**CNY রাইজিং ত্বরান্বিত করা**
আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরো তথ্য এখানে রয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) হচ্ছে নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418